শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জীবননগর উপজেলা পরিষদের মার্চ-২০২১খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ১১-০৩-২০২১খ্রিঃ, সময় ঃ বেলা- ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভা নং ঃ ০৯/২০২০-২১ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। উপদেষ্টা, জনাব হাজী মোঃ আলী আজগার টগর, মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২, জনাব মোছাঃ আয়েশা সুলতানা, মহিলা ভাইস চেয়ারম্যান এবং জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান সভায় উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস. এম. মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ০২ | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে, গত ১৫-১১-২০২০খ্রিঃ তারিখে উথলী সোনালি ব্যাংক শাখায় ডাকাটি হওয়ার পর থেকে এখন পর্যন্ত আইন শৃংখলা পরিস্থিতি ভালো আছে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের অনুরোধ করছি আপনাদের ইউনিয়নে যে সকল আর্থিক প্রতিষ্ঠান আছে সেখানে অবশ্যই সিসি ক্যামেরা লাগিয়ে নিবেন। আমরা ওসি ভিটেপাটি গঠন করেছি। গতবার ভিটেপাটি গঠন করে ডাকাতি, চুরি এবং অসামাজিক কার্যকলাপ বন্ধ হয়ে গিয়েছিল। সে দিক থেকে আমরা সবাই সতর্ক থাকবো। যারা ভিটেপাটি গঠন করেননি তারা ভিটেপাটি গঠন করবেন। আমাদের টহল নিয়মিত চলছে এবং মাদক বিরোধী অভিযান চলমান আছে। | উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখা এবং মাদক বিরোধি অভিযান চলমান রাখার জন্য অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয় এবং সকল ইউনিয়নের আর্থিক প্রতিষ্ঠানগুলিতে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়-<br><br>(ক) করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রান্ত মেডিকেল ইকুইপমেন্ট প্রদান ঃ উপজেলা প্রশাসনসহ সকলের সক্রিয় সহযোগিতায় জীবননগর উপজেলায় করোনা ভ্যাকসিন কার্যক্রম অব্যাহত আছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য নিম্নলিখিত কিছু মেডিকেল সরঞ্জামাদি প্রয়োজন। | (ক) ২০১৯-২০ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অর্থায়ন হইতে করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত রোগিদের চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য মেডিকেল সরঞ্জামাদি সরবরাহের সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, জীবননগর পৌরসভা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, অফিসার ইনচার্জ, জীবননগর |

| | | | |
|---|---|---|---|
| | (০১) রুগীর বেড (হাইড্রোলিক), (০২) পাল্স অক্সি মিটার, (০৩) এয়ার কন্ডিশনার, (০৪) ফ্লো-মিটার, (০৫) ইসিজি মেশিন (০৬) সার্প কন্টেইনার বক্স, (০৭) অক্সিজেন মাস্ক, (০৮) অক্সিজেন সিলিন্ডার, (০৯) আইপিএস, (১০) লেরিঙ্গোস্কোপ (বড়-ছোট), (১১) মাস্ক ও (১২) হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি। উক্ত মালামাল সমূহ প্রদানের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট আবেদন জানানো হয়। | | থানা ও সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| | (খ) প্রধান সড়ক থেকে ফুল বাগান (গোল চত্বর) পর্যন্ত রাস্তা মেরামত সংক্রান্ত ঃ বর্ষা মৌসুমে বৃষ্টির কারনে প্রায়ই হাসপাতালের গেট সংলগ্ন প্রধান সড়ক থেকে ফুল বাগান (গোল চত্বর) পর্যন্ত রাস্তাটি পানিতে ডুবে থাকে। অতি সত্বর উক্ত রাস্তাটি কংক্রিট ঢালাই অথবা মেরামতের বিষয়ে উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হয়। | (খ) উক্ত রাস্তার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, জীবননগর পৌরসভাকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | |
| | (গ) পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত ঃ স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে ড্রেন ও ময়লা আবর্জনা পরিষ্কার না করায় প্রায়ই দূর্গন্ধ ছড়িয়ে মশা মাছি জন্মে সংক্রামক রোগের বিস্তার ঘটছে এবং বর্তমানে হাসপাতালের পাবলিক টয়লেটটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় দ্রুত মেরামতের মাধ্যমে ব্যবহারের উপযোগী করার বিষয়ে উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হয়। | (গ) স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, জীবননগর পৌরসভাকে বিশেষ ভাবে অনুরোধ করা হয় এবং পাবলিক টয়লেটের বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগরকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | |
| | (ঘ) মাইক্রো স্ট্যান্ড সংক্রান্ত ঃ হাসপাতালের সীমানা প্রাচীর সংলগ্ন স্থানে মাইক্রো স্ট্যান্ড এবং প্রধান গেটে অটো ও সিএনজির ভিড়ের কারনে প্রায়ই অনাকাঙ্খিত ঘটনা ঘটে থাকে। জন-স্বার্থে দ্রুত মাইক্রো ষ্ট্যান্ড সরানোর বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (ঘ) উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | |
| | (ঙ) নিরাপত্তা প্রহরী, কুক ও আয়া সংক্রান্ত ঃ বর্তমানে অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে নিরাপত্তা প্রহরী, কুক ও আয়া পদ শুন্য থাকায় সেবা গ্রহীতাদের যথাযথ সেবা প্রদান করা সম্ভব হয় না এবং প্রায়ই অনাকাঙ্খিত ঘটনা ঘটে থাকে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঙ) উক্ত বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | (চ) X-Ray মেশিন সংক্রান্ত ঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর X-Ray মেশিন টি দীর্ঘ দিন যাবত অচল অবস্থায় পড়ে আছে। ফলে অত্র এলাকার সাধারন মানুষকে বেসরকারী প্রতিষ্ঠান থেকে উচ্চ মূল্যে X-Ray করতে হয়। নতুন X-Ray মেশিন সরবরাহ পেলে জনগণের সেবা প্রদান করা সম্ভব হবে। তিনি জন-স্বার্থে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নতুন একটি X-Ray মেশিন সরবরাহের বিষয়ে সভায় উপস্থাপন করেন। | (চ) উক্ত আলোচনান্তে জন-স্বার্থে অতি সত্বর X-Ray মেশিন এর বিষয়ে মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-০২, মহোদয় ও উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবগত করানোসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য | |

| | | | |
|---|---|---|---|
| | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। গত ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- আন্দুলবাড়ীয়া ও বাঁকা এফডব্লিউসিতে মাটি ভরাট ও আন্দুলবাড়ীয়া এফডব্লিউসি-এর ভিতরে আগাছা পরিষ্কার এবং জনস্বার্থে সীমান্ত ইউনিয়নে দ্রুত নতুন এফডব্লিউসি ভবন নির্মানের বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয়ের কাছে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | সীমান্ত ইউনিয়নের এফডব্লিউসি ভবন নির্মানের বিষয়ে মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ০২ মহোদয়ের অবগত করানোসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয় এবং আন্দুলবাড়ীয়া ও বাঁকা এফডব্লিউসিতে মাটি ভরাট ও আন্দুলবাড়ীয়া এফডব্লিউসি-এর ভিতরে আগাছা পরিষ্কারের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০৫ | উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা কৃষি অফিসার বলেন যে, গত ২৭-০১-২০২১খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, মনোহরপুর ইউনিয়নে একটি প্রকল্প থেকে কৃষক সেবা কেন্দ্র স্থাপন করা হবে। এই কৃষক সেবা কেন্দ্রে বিভিন্ন ধরনের জিনিসপত্র ও মেশিনারী থাকবে। সেবা কেন্দ্রটি আগামী অর্থবছর থেকে শুরু হবে। আমাদের দপ্তরে কৃষি যন্ত্রপাতির একটি চাহিদা এসেছে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবহিত করা হয়েছে। আমাদের বোরো রোপন শেষ হয়েছে। বিগত বছরের তুলনায় এই বছর প্রায় ৯০০ হেক্টর জমিতে বোরোর আবাদ বেড়েছে। বর্তমান সরকারের চাওয়া ভূট্টা এবং আউশ এর আবাদ বাড়ানো। ভূট্টার প্রণোদনা অনেক পাওয়ার কারনে এবছর ভূট্টার আবাদও বেড়েছে। আগামী সপ্তাহে আউশ প্রণোদনা পাওয়া যাবো। আউশ প্রণোদনা প্রায় ২৫০০ কৃষককে দেওয়া হবে। এই তালিকা বাছাই করার সময় সঠিক কৃষকদের বাছাই করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের অনুরোধ করা হয় এবং উপজেলায় কৃষকদের প্রয়োজনীয় সেবা প্রদানের উদ্দেশ্যে পরিষদে ০৫ টি স্প্রে মেশিন এবং ৫টি ফুট পাম্প স্প্রেয়ার মেশিন রাখা যায় তাহলে পৌরসভার যেসকল কৃষকরা আছে তাদের সেবা দেওয়া যাবে। জীবননগর পৌরসভায় অনেক আমের চাষ করা হয়। আমাদের অফিসে অনেক কৃষক স্প্রে মেশিন নিতে আসেন। আমাদের দপ্তরে সরকারী ভাবে কোন স্প্রে মেশিন দেওয়া হয় না। উপজেলা পরিষদের মাধ্যমে ০৫ টি স্প্রে মেশিন এবং ৫টি ফুট পাম্প স্প্রেয়ার মেশিন সরবরাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা কৃষি অফিসারকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয় এবং আগামী অর্থবছরে স্প্রে মেশিন ও ফুট পাম্প স্প্রেয়ার সরবরাহের বিষয়ে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০৬ | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে | উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | মৎস্য বিভাগীয় ঃ উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা বলেন যে, গত ১১-১১-২০২০খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিচালনা করায় উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জীবননগর। |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর বলেন যে, আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমি ডাঃ তানভীর হাসান, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল জীবননগরে পদায়ন পেয়েছি। আমি ১৪-০২-২০২১খ্রিঃ তারিখে যোগদান করেছি। আমাদের প্রাণিসম্পদ দপ্তর মুজিব শতবার্ষিকির লক্ষ নিয়ে যেভাবে এগিয়ে যাচ্ছে আমরা যেন সফল হতে পারি। আমি উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, ভাইস চেয়ারম্যান মহোদয়দ্বয়, সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়সহ উপজেলা পরিষদের সকল দপ্তরের দপ্তর প্রধানদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল জীবননগরকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয় এবং সকল কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য পরিষদের সকল সদস্যদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জীবননগর। |
| ০৮ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে -<br>(ক) ২০২০-২১খ্রিঃ অর্থবছরে বরাদ্দকৃত এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের বিপরীতে নীতিমালার আলোকে ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলি গত ০৭-১২-২০২০খ্রিঃ তারিখে বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক ১০-১২-২০২০খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদিত হয়। সেই প্রেক্ষিতে টেন্ডারে মাধ্যমে এডিপি তহবিলের- ৫৩,৮৩,৬৩০/- টাকা ও উন্নয়ন তহবিলের- ৫১,৬২,৮৭৭/- টাকা, মোট- ১,০৫,৪৬,৫০৭/- টাকার দরপত্র আহবান করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে- ৪৪,০০,০০০/- টাকা, মোট- ১,৪৯,৪৬,৫০৭/= (এক কোটি উনপঞ্চাশ লক্ষ ছেচল্লিশ হাজার পাঁচশত সাত) টাকা মাত্র প্রকল্প গ্রহন করা হয়েছে ও প্রকল্প প্রনয়ন, তদারকি ও আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৭৪,০০০/- টাকা, সর্বমোট- ১,৫০,২০,৫০৭/= (এক কোটি পঞ্চাশ লক্ষ কুঁড়ি হাজার পাঁচশত সাত) টাকা মাত্র।<br>(খ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার গত ১৭-১২-২০২০খ্রিঃ তারিখের ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০-৬২৯ নং স্মারকে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দের ৬৫০.০০ কোটি (ছয়শত পঞ্চাশ কোটি) টাকা হতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণের জন্য জীবননগর উপজেলা পরিষদের অনুকূলে ৬২,০০০.০০ (বাষট্টি হাজার) টাকা বরাদ্দ প্রদান করেছেন। উক্ত বিষয়ে সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য একমত পোষন করেন। | (ক) উক্ত আলোচনান্তে সিডিউল বিক্রয় করে দ্রুত কাজ শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(খ) উক্ত আলোচনান্তে "করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধ কল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণ" প্রকল্পটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যাহা পরিশিষ্ট- "খ" তে উল্লেখ করা হলো। প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) বলেন যে - ২০১৯-২০ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বরাদ্দকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সক্ষমতা উন্নয়নের ০৬টি উপ-প্রকল্প এবং ৩৯,৯৮,২০০.০০ + ভ্যাট ও ট্যাক্স- ৪,৪১,৮০০.০০ = মোট- ৪৪,৪০,০০০.০০ (চুয়াল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকার বিপরীতে গৃহীত অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের ০৩টি উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক্কলনের প্রস্তুতের কাজ চলিতেছে। | উক্ত আলোচনান্তে সক্ষমতা উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি এবং অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলি বাস্তবায়নে লক্ষ্যে PMU বরাবর উপ-প্রকল্পগুলির কাগজ পত্র বিধি মোতাবেক জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ঠ দপ্তরকে উক্ত উপ-প্রকল্পের কাগজপত্রগুলি উল্লেখিত তারিখের আগে ইউডিএফ এর বরারব প্রেরন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্পের সভাপতি, দপ্তর সমুহ এবং ইউডিএফ। |
| ১০ | উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে- আমাদের সমাজসেবা অধিদপ্তর সমাজ কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সামাজিক নিরাপত্তা খাতের কর্মসূচিগুলি দিনদিন বৃদ্ধি পাচ্ছে। দেশের অবস্থা যেভাবে উন্নতির দিকে যাচ্ছে আগামি ২-৩ বছরের মধ্যে সামাজিক নিরাপত্তা খাতে আমরা ১০০% উন্নতি করতে সক্ষম হবো। এ ক্ষেত্রে উন্নয়নের লক্ষ মাত্রা নিয়ে সরকার যেভাবে এগিয়ে যাচ্ছে তারই অংশ হিসেবে সকল ভাতাভোগিকে অনলাইন সিস্টেমে আনার একটি পরিকল্পনা আছে। এসকল কার্যক্রমে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করা হয়। | উক্ত ভাতা কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ পরিষদের সকল সদস্যদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১১ | উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১২ | উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১৩ | উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র বলেন যে, গত ০৭-১২-২০২০খ্রিঃ তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, জীবননগর উপজেলায় ২২টি করাত কল আছে। ০৭টির লাইসেন্স আছে। বাকি ১৫টির লাইসেন্স নেই। তাদেরকে বারবার নোটিশ দেওয়া হয় কিন্তু কাগজপত্র জমা দেয় না। উক্ত বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করা হয়। | উক্ত বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগরকে অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ১১-০১-২০২১খ্রিঃ তারিখে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে | উপজেলা মাধ্যমিক শিক্ষা |

| | | | |
|---|---|---|---|
| | সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, ইতোমধ্যে মাধ্যমিক পর্যায়ে এবং মাদ্রাসা, এবতেদায়ির ১০০% বই পেয়েছি এবং সব বই বিতরণ করা সম্ভব হয়েছে। আগামী ২২ শিক্ষা বর্ষের বই এর চাহিদা আমরা প্রেরণ করেছি। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ি আগামী ৩০ মার্চ ২০২১খ্রিঃ তারিখ হইতে সকল শিক্ষা প্রতিষ্ঠান সিমিত আকারে খুলে দেওয়া হবে। এর প্রস্তুতিসহ আমাদের শিক্ষক কর্মচারিদের ৯০% করোনার ভ্যাকসিন দেওয়া শেষ হয়েছে আর বাকি ১০% শিক্ষকের বয়স ৪০ বছরের নিচে হওয়ার কারনে দেওয়া হয়নি। শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে স্বাস্থ্যবিধির যে নির্দেশনা দেওয়া আছে সে নির্দেশনা যথাযথ ভাবে পালন করে প্রতিষ্ঠান খোলার প্রস্তুতির কাজ চলছে। | পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | অফিসার, জীবননগর। |
| ১৫ | উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, গত ০১-০২-২০২১খ্রিঃ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, মোবাইল একাউন্টের মাধ্যমে সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নগদ পোর্টালে তথ্য এন্ট্রির কাজ ৩১-০১-২০২১খ্রিঃ তারিখে সম্পন করা হয়েছে। বর্তমানে ভেলিডেশনের কাজ চলমান আছে। শীঘ্রই উপবৃত্তি অত্র শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইল একাউন্টে ছাড় করা হবে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবেই চলমান আছে এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ি আগামী ৩০ মার্চ ২০২১খ্রিঃ তারিখ হইতে সকল শিক্ষা প্রতিষ্ঠান সিমিত আকারে খুলে দেওয়া হবে। সকল ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য নির্দেশনা প্রদান করা হবে। আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালনের জন্য কুচকাওয়াজ বা স্বাস্থ্যবিধি মেনে ডিসপ্লে প্রদর্শনের জন্য আমরা সকলে নির্দেশনা দেব। সরকারী নির্দেশনা অনুযায়ী ১৭মার্চ, ২৫মার্চ ও ২৬মার্চ এর অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে সীমিত সংখ্যক হলেও অংশগ্রহন করাতে হবে। বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা শিক্ষা অফিসারকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। এধারা অব্যহত রাখার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৮-০২-২০২১খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- গ্রামীন দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমিতি/দল গঠন, পুঁজি গঠন, যৌতুক ও বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশনে উদ্বুদ্ধ করা, সদস্যদের আয়বর্ধকমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ পরবর্তীতে ঋণ সহায়তা প্রদান করা। তিনি সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৬৫ লক্ষ টাকা। জানুয়ারী-২০২১ মাসে অগ্রগতি ০.৫০ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ১০.৪৮ লক্ষ টাকা, এ পর্যন্ত আদায় ৭.৮৫ লক্ষ টাকা, ঋণ বিতরণের বার্ষিক লক্ষমাত্রা ২৫০.৭৫ লক্ষ টাকা, এ পর্যন্ত বিতরণের পরিমান ২৩২.৩৭ লক্ষ টাকা। ঋণ আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ২৪৮.৮১ লক্ষ টাকা, আদায়ের পরিমান ২১০.৭২ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৮৪% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। অত্র দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ৬টি প্রকল্পের মোট খেলাপী ঋণের পরিমান ৯৫.৫৪ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | | |
| ১৭ | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমাদের দপ্তর বিত্তহিন পুরুষ এবং মহিলাদেরকে সমবায় সমিতি আছে তাদেরকে সেবা দিয়ে থাকি। সমিতির সংগঠন তৈরি এবং নেতৃত্ব বিকাশে আমরা সহায়তা দিয়ে থাকি। এছাড়া পুঁজি গঠন, প্রশিক্ষণ ও তাদের ঋণের সহায়তা দেওয়া হয়। চলতি বছরের গত মাসে ৮,৬৫,০০০.০০ টাকাসহ সর্বমোট ৪৬,৯৪,০০০.০০ টাকা আমরা বিতরণ করেছি এবং ২৮,০০০.০০ টাকা ঋণ আদায় করতে সক্ষম হয়েছি। জীবননগর উপজেলার নাগরিক জনগণ বা সেবা গ্রহিতাদের যদি কোন অভিযোগ থাকে তাহলে আমরা নিষ্পত্তি করার চেষ্টা করবো। আমাদের দপ্তরের কর্মচারিরা যারা মাঠে ময়দানে কাজ করে তারা কোন সমস্যায় পড়লে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের সহযোগিতার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা প্রকল্প কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয় এবং সকল বিষয়ে সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, জীবননগর। |
| ১৮ | উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ<br>সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় সহকারী পরিদর্শককে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা সমবায় অফিসার, জীবননগর। |
| ১৯ | আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ<br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমার বাড়ি আমার খামার প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে দলগঠন ক্রমপুঞ্জিত ১১৩ টি, সদস্য সঞ্চয় জমার লক্ষমাত্রা ২০.০০ লক্ষ টাকা। জানুয়ারী-২০২১ অগ্রগতি হয়েছে ১৩.৭৪ লক্ষ ক্রমপুঞ্জিত ১০৯.০৩ লক্ষ টাকা। কর্জ বিতরণের লক্ষমাত্রা ২৪০.০০ লক্ষ টাকা। অর্জন হয়েছে ১৩৭.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত অর্জন ৫৩৮.৫০ লক্ষ টাকা। কর্জ আদায়ের লক্ষমাত্রা ২৪০.০০ লক্ষ টাকা। আদায় হয়েছে ৯৩.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত আদায় ২৫০.৬৭ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প-কে অনুরোধ করা হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, জীবননগর। |
| ২০ | উপজেলা বাজার মুল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রমঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন যে, গত ১০-০১-২০২১খ্রিঃ তারিখে বাজার মুল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, জীবননগর। |
| ২১ | উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৯-০৩-২০২১খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়-<br>(ক) গত মাসে প্রশিক্ষণ প্রাপ্ত ২০ জন বেকার যুব/যুব মহিলাদের মধ্যে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা যুব ঋন বিতরন করা হয়। তার দপ্তরের কিছু ঋণী ঋণ খেলাপী হয়েছে। যাদের সাথে নিয়মিত যোগাযোগ ও ঋণ পরিশোধের তাগাদা দিয়েও তারা ঋণ এর কোন কিস্তির টাকা পরিশোধ করছে না। এমনকি তাদের নিকট হতে ঋণ পরিশোধের ব্যাপারে কোন আগ্রহ দেখা যাচ্ছে না। এমতাবস্থায় উক্ত খেলাপী ঋণীদের অফিসিয়াল | (ক) উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | নোটিস দেওয়া হয়েছে। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন।<br>(খ) উপজেলায় কর্মক্ষম বেকার যুব/যুব মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মী করার লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেড ভিত্তিক প্রশিক্ষণের নির্ধারিত ১৭টি ব্যাচের ৪২৫ জন যুব/যুব মহিলার মধ্যে দক্ষতা উন্নয়ন ও বিকাশকল্পে ১১টি ব্যাচের ২৭৫ জন যুব/যুব মহিলাদেরকে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং বাকী ব্যাচ গুলো নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করা হবে বলে জানান। তিনি আরও বলেন যে, অধিদপ্তর কর্তৃক অনুদান প্রাপ্ত যুব সমিতির কর্মকর্তা ও সদস্যদের সামাজিক কর্মকান্ড সমাপ্ত করা হয়েছে এবং জনসচেতনতা মূলক একটি প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা হয়। | (খ) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | |
| ২২ | <u>উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, গত ০৯-০২-২০২১খ্রিঃ তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। |
| ২৩ | <u>অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ জনাব ফিরোজ আহমেদ রানা, এস.এ.এস. সুপারিনটেনডেন্ট, উপজেলা হিসাব রক্ষণ অফিস বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে - আগামী মাস থেকে সকল সরকারী কর্মকর্তা কর্মচারীদেরকে আমরা ইএফটির মাধ্যমে বেতন-ভাতা দিতে পারবো এবং অবসরপ্রাপ্ত সকল সরকারী কর্মকর্তা-কর্মচারীরাও ইএফটির মাধ্যমে বেতন-ভাতা পাবেন। | সরকারী কর্মকর্তা-কর্মচারিদের বেতন-ভাতা ইএফটির মাধ্যমে প্রদান করায় উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জীবননগর। |
| ২৪ | <u>উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর বলেন যে, আমি মোঃ আঃ রশিদ, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আমি জীবননগর উপজেলায় সহকারি প্রকৌশলী হিসাবে ১৫-০২-২০২১খ্রিঃ তারিখে যোগদান করেছি। আমাদের জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের কাজের পরিধি আগের থেকে এখন অনেক বৃদ্ধি পেয়েছে। বর্তমানে বাংলাদেশে ৪৯টি প্রকল্প চলছে। তারমধ্যে জীবননগরে অগ্রাধিকার প্রকল্প, পল্লী পানি অঞ্চল-সহ বিভিন্ন প্রকল্প আছে এবং আরও কয়েকটি নতুন প্রকল্প আসছে। আমি উপজেলা চেয়ারম্যান মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, ভাইস চেয়ারম্যান মহোদয়দ্বয়, সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়সহ উপজেলা পরিষদের সকল দপ্তরের দপ্তর প্রধানদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগরকে উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয় এবং সকল কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য পরিষদের সকল সদস্যদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| ২৫ | জনাব মোঃ জামাল হোসেন, ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার, জীবননগর বলেন যে, আমার দপ্তর উপজেলা রিসোর্স সেন্টার, একটি একাডেমিক প্রতিষ্ঠান, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধিন শিক্ষকদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি স্কুল পরিদর্শন করে তাদের একাডেমিক সহায়তা করায় হলো উপজেলা রিসোর্স সেন্টারের মূল কাজ। গত বছরের মার্চ থেকে করোনা ভাইরাসের কারনে শিক্ষা প্রতিষ্ঠানগুলি বন্ধ থাকায় আমরা প্রশিক্ষণ নিতে পারেনি। কিন্তু আমাদের কার্যক্রম চলমান আছে। প্রতি মাসেই শিক্ষকদের Zoom Appes এর মাধ্যমে অনলাইনে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করছি। স্কুল পরিচ্ছন্নতার বিষয়ে শিক্ষকদের নিয়মিত বলা হচ্ছে। আগামি ৩০ মার্চ | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার, জীবননগরকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | ইন্সট্রাকটর, উপজেলা রিসোর্স সেন্টার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | ২০২১খ্রিঃ তারিখে সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানগুলি খুলে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। সেই প্রেক্ষিতে আমরা কাজ করে যাচ্ছি। উক্ত বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| ২৬ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জীবননগর। |
| ২৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) বলেন যে - তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, তিনি আরও বলেন যে, চলতি মাসের ১০ তারিখে আন্তজার্তিক দূর্যোগ প্রস্তুতি দিবস ছিল। সরকারি নির্দেশনা অনুযায়ি দিবসটি পালন না করার জন্য বলা হয়। শিক্ষা প্রতিষ্ঠানগুলি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ি আগামি ৩০ মার্চ ২০২১খ্রিঃ তারিখে খুলে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। একটি নির্দেশনা এসেছে যে, শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর দূর্যোগ বিষয়ক মহড়া করতে হবে এবং আমাদের কাবিখা-টিআর এর ২য় পর্যায়ের যে বরাদ্দগুলি ছিল তার বিপরিতে যে তালিকাগুলি অনুমোদনের জন্য জেলায় পাঠানো হয়েছিল তার অনুমোদন দিয়ে দিয়েছেন। আমি এখনও হাতে পায়নি। ইতোপূর্বে উক্ত কাজগুলি বাস্তবায়ন করার জন্য যে কমিটি করা হয়েছিল যে কমিটিগুলি আমাদের দপ্তরে জমা দেওয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের অনুরোধ করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জীবননগর। |
| ২৮ | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা পরিসংখ্যান তদন্তকারিকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি, জীবননগর। |
| ২৯ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জীবননগর শহরের ভিতরে পানির কোন উৎস্য নাই। আমাদের যে গাড়ী আছে সে গাড়ীতে ১৮০০ লিটার পানি ধরে। সেই পানিতে ২০ মিনিট কাজ করা যায়। অগ্নিকান্ড বেশি হলে পানির সোর্স না থাকলে সমস্যা হয়ে যাবে। সে ক্ষেত্রে পৌরসভার ভিতরে যদি পানির লাইন করা যায় তাহলে অগ্নিকান্ড ঘটলে আমরা ঐলাইন থেকে পানি নিয়ে কাজ করতে পারবো। যা আমাদের জন্য খুবই সহজ হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পানির লাইনের বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, জীবননগর পৌরসভাকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | মেয়র, জীবননগর পৌরসভা। |
| ৩০ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে ধন্যবাদ দেওয়া হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩১ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারনে উঠান বৈঠক বন্ধ ছিল। এখন থেকে আবার উঠান বৈঠকের কার্যক্রম শুরু হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, জীবননগর। |
| ৩২ | দীপক কুমার বসু, উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনকে | উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন |

| | | | |
|---|---|---|---|
| | | ধন্যবাদ দেওয়া হয়। | ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩৩ | <u>ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল ঃ</u><br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন যে, জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করার জন্য সভাকে অবহিত করা হয়। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত আপডেট করার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর। |
| ৩৪ | জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, জীবননগর বাসষ্ট্যান্ডে ছোট ছোট দোকান ঘর করে যে সকল ব্যবসায়ীরা ব্যবসা করে চলেছে তাদের দোকান ঘর উচ্ছেদের জন্য গত ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখের দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যায় যে, চুয়াডাঙ্গা-দর্শনা-জীবননগর-কোচচাঁদপুর-কালীগঞ্জ সড়কের পার্শ্বে ২২-০৩-২০২১খ্রিঃ, ২৩-০৩-২০২১খ্রিঃ ও ২৪-০৩-২০২১খ্রিঃ তারিখে অবৈধ স্থাপনা অপসারণ করা হবে। যেহেতু করোনা কালিন সময়ে ব্যবসায়ীদের ব্যবসা বাণিজ্যের মন্দা চলছে। এছাড়া আগামী ১৪-০৪-২০২১খ্রিঃ তারিখ হইতে পবিত্র রমজান শুরু হবে। এসময় যদি অবৈধ স্থাপন উচ্ছেদ করা হয় তাহলে তাদের ব্যবসা বাণিজ্যের ব্যপক ক্ষতির সাধন হবে এবং তাদের পরিবার-পরিজন নিয়ে না খেয়ে দিন যাপন করতে হবে। সামনে পবিত্র ঈদ-উল ফিতর এর পর অবৈধ স্থাপনা উচ্ছেদের সময় বৃদ্ধির বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয়ের কাছে ব্যবসায়ীদের পক্ষ থেকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উক্ত অবৈধ স্থাপনা উচ্ছেদের সময় বৃদ্ধির বিষয়ে মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয় ব্যবস্থা গ্রহন করবেন। | মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২। |
| ৩৫ | জনাব মোছাঃ আয়েশা সুলতানা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, ইট ভাটার গাড়ী রাস্তায় চলাচলের কারনে রাস্তা ভেঙ্গে নষ্ট হয়ে যাচ্ছে। এই ভাটার গাড়ী মাটি কেটে নিয়ে যাওয়ার সময় গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যাচ্ছে। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দুরঘটনা সৃষ্টি হচ্ছে। রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত ইট ভাটার মালিকদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৩৬ | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে -<br>(ক) জীবননগর উপজেলার উথলী এবং কেডিকে ইউনিয়ন পরিষদের ভবন নেই। ভবন না থাকার কারনে আমাদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা সমস্যা হচ্ছে এবং উথলী ও কেডিকে ইউনিয়ন পরিষদে একটি সচিব কাজ করে। একটি সচিব দিয়ে দুইটি ইউনিয়নের কাজ করা সম্ভব হচ্ছে না। পরিষদের অনেক কাজ পেন্ডিং হয়ে যাওয়ার কারনে উর্দ্ধতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তথ্য প্রেরণ করা যাচ্ছে না। উক্ত বিষয়ে মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (ক) সচিব পদায়নের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | (খ) জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ উপজেলার বিভিন্ন ক্লিনিকে শিশু জন্ম গ্রহন করার পর হাসপাতাল এবং ক্লিনিকগুলি সংশ্লিষ্ট ইউনিয়নে যদি রিপোর্ট দেয় তাহলে আমরা তাৎক্ষণিক ভাবে শিশুদের জন্ম নিবন্ধনগুলি করে দিতে পারি। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (খ) উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ৩৭ | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমার ইউনিয়নে ইটের ভাটা আছে। এই ভাটার গাড়ী মাটি কেটে নিয়ে যাওয়ার সময় গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যাচ্ছে। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দূরঘটনা সৃষ্টি হচ্ছে। রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৩৮ | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বাঁকা ইউনিয়নের বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে এবং রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যায়। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দূরঘটনা সৃষ্টি হবে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৩৯ | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। হাসাদাহ ইউনিয়নের বিভিন্ন পিচের রাস্তার উপরে লাল শাকের ডাটা দিয়ে রাস্তা ক্ষতিসহ মানুষের চলাচলের সমস্যা সৃষ্টি করছে এবং হাসাদাহ ইউনিয়নে যে ইট ভাটা আছে। আমরা তাদেরকে বার বার বলার পরেও তারা ট্যাক্স দেয় না। রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানো হয়। গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যায়। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দূরঘটনা সৃষ্টি হবে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪০ | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে -<br>(ক) মনোহরপুর ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের দুইটি গ্রাম মাধবখালি এবং ছটাঙ্গা গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। উক্ত গ্রামে ৩০০০-৩৫০০ জনগণের বসবাস। সেই জায়গায় যাহাতে একটি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্টিত হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয়ের কাছে বিশেষ ভাবে অনুরোধ করা হয়।<br>(খ) মনোহরপুর ইউনিয়নে ক্লিনিক না থাকার কারনে মানুষের অনেক সমস্যায় পড়তে হচ্ছে। যেখানে ছয় হাজার জনগণ নিয়ে একটি ক্লিনিক থাকার কথা। সেখানে ০৫টি ওয়ার্ডে কোন ক্লিনিক নেই। পিয়ারাতলা-০২টি ওয়ার্ড ও কালা- ০১টি ওয়ার্ড মিলে ০১টি ক্লিনিক, মানিকপুর, ছটাঙ্গা, মাধবখালী ও রাজাপুর গ্রামে ০১টি ক্লিনিক এবং মনোহরপুর ০৩টি ওয়ার্ড মিলে ০১টি ক্লিনিক প্রয়োজন। উক্ত ক্লিনিকের বিষয়ে ব্যবস্থা | (ক) উক্ত বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করানোর জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>(খ) উক্ত ক্লিনিকের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | গ্রহনের জন্য মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয়ের কাছে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | | |
| ৪১ | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, কেডিকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। জীবননগর উপজেলার উথলী এবং কেডিকে ইউনিয়ন পরিষদের ভবন নেই। ভবন না থাকার কারনে আমাদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা সমস্যা হচ্ছে। চলতি অর্থবছরে ভবনের কার্যক্রম যাতে শুরু হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয়ের কাছে বিশেষ ভাবে অনুরোধ করা হয়।<br>কেডিকে ইউনিয়নে ০৬টি ইটের ভাটা আছে। তারা ট্যাক্স দেয় না। আমরা তাদেরকে চিঠি দিয়েছি। কিন্তু তারা আমাদের কোন কথায় কর্ণপাত না করে ভাটা চালিয়ে যাচ্ছে এবং এই ভাটার গাড়ী মাটি কেটে নিয়ে যাওয়ার সময় গাড়ীতে অধিক মাটি লোড করার কারনে রাস্তার উপর মাটি পড়তে পড়তে যাচ্ছে। যা বৃষ্টি হলে মানুষের চলাচলের সমস্যাসহ দূরঘটনা সৃষ্টি হচ্ছে। রাস্তার উপর ইট ভাটার গাড়ী অত্যন্ত গতিতে চালানোর কারনে রাস্তাগুলি ভেঙ্গে নিচে নেমে যাচ্ছে। উক্ত ইট ভাটার মালিকদের ডেকে সতর্ক করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় অনুরোধ করা হয়। | উক্ত ইট ভাটার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪২ | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মাননীয় প্রধানমন্ত্রী কৃষি দপ্তরে কৃষকদের উন্নয়নের জন্য ৫০% ভর্তূতি দিয়ে কৃষি পন্যগুলি আমাদের মাঝে দিচ্ছেন। কিন্তু আমাদের গ্রামের মানুষ ৫০% ভর্তূকি দেওয়ার পরেও কিনতে পারছে না। উপজেলার ০৮টি ইউনিয়নে সরকারি ভাবে কৃষকের স্বার্থে এগুলি ভাড়া নিয়ে ব্যবহার করা যায় কিনা এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয়ের কাছে প্রস্তাব রাখেন। | | |
| ৪৩ | জনাব মোঃ বাহাউদ্দিন, সদস্য, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের সামনে যে পুরাতন ভবন আছে সেই ভবনটি অপসারন করার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করা হয়। | উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| ৪৪ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তি স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ উৎযাপন কর্মসূচী বাস্তবায়ন ঃ বাংলাদেশ স্বল্প উন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উন্নতি হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তি এবং মুজিবশতবর্ষে বাংলাদেশে এঅর্জন এক বিরাট গৌরবের এবং আনন্দের। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এঅর্জনকে নতুন প্রজন্মকে উৎসর্গ করেছেন। এজন্য সমগ্র দেশ বাসিকে সম্পৃক্ত করে বাংলাদেশের প্রতিটি জেলায় এবং উপজেলায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তি স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ উৎযাপন কর্মসূচী একযোগে আগামী ২৭ মার্চ ২০২১খ্রিঃ এবং ২৮ মার্চ ২০২১খ্রিঃ তারিখে সাধারন জনগণের জন্য উন্মুক্ত স্থানে আয়োজন করতে হবে। ২৭ মার্চ ২০২১খ্রিঃ তারিখে কর্মসূচিতে থাকবে সকাল- ১০.০০ ঘটিকায় মেলা উদ্বোধন, বেলা- ১০.৩০ ঘটিকায় আলোচনা সভা, বেলা- ১১.৩০ ঘটিকায় উন্নয়ন বিষয়ক ভিডিও প্রদর্শনী, বেলা- ১২.৩০ ঘটিকায় স্টল পরিদর্শন। উপজেলার সকল সরকারী দপ্তরগুলিকে গত ১২ বছরে যে উন্নয়ন হয়েছে তার এক নজরে দুই দিন ব্যাপি স্টল প্রদর্শনী করতে হবে এবং ২৮ মার্চ ২০২১খ্রিঃ তারিখে কর্মসূচিতে থাকবে সকাল- ১০.০০ ঘটিকায় সেমিনার, বেলা- ১২.০০ ঘটিকায় উন্নয়ন বিষয়ক কুইজ এবং উপস্থিত বক্তব্য, উন্নয়নের বিভিন্ন ভিডিও চিত্র, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সমাপনি অনুষ্ঠান করতে হবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য মহোদয়, উপজেলা চেয়ারম্যান মহোদয়, ভাইস চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ, উপজেলার সকল দপ্তরের দপ্তর প্রধানগণ, রাজনৈতিকবৃন্দ, সাংবাদিকবৃন্দসহ সকলের সহযোগিতা কামনা করা হয়। | | |
| ৪৫ | মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ মহোদয় বলেন যে, জীবননগর উপজেলার সকল ইউনিয়ন পরিষদের চেয়ারিম্যানগণদের উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। তাছাড়া স্থানীয় সরকার বিভাগ হতে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন/অনুমোদনের ক্ষেত্রে সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। তিনি উপজেলার সকল সমস্যা সমন্বিত ভাবে একযোগে সমাধানের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের আহবান জানান। | | |

| | | | |
|---|---|---|---|
| ৪৬ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্ত ঃ<br>(ক) ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি, ঝাড়ুদার ও পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে -<br>(০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র। | (ক-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| | (০২) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৩,২০০.০০ (তের হাজার দুইশত) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীকে ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৩,২০০.০০ (তের হাজার দুইশত) টাকা মাত্র। | (০২) উক্ত মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারী গণের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ এর "মালি/ সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৩) জীবননগর উপজেলা পরিষদে মাসিক বিতনের ভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীকে ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা মাত্র। | (০৩) উক্ত পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীর মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর "বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৪) ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির | (০৪) উক্ত উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ | |

| | |
|---|---|
| সভার আপ্যায়ন ব্যয় বাবদ- ৩৭,৯২০.০০ (সাইত্রিশ হাজার নয়শত বিশ) টাকা মাত্র। | অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৫) ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৯৮৫.০০ (চার হাজার নয়শত পঁচাশি) টাকা মাত্র। | (০৫) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ এর "আনুষঙ্গিক" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৬) ফেব্রুয়ারী-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ৪,৪০০.০০ (চার হাজার চারশত) টাকা মাত্র। | (০৬) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ট) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, গত ০৮-১০-২০২০খ্রিঃ তারিখের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব হিরা সরদার, পিতা- বকুল সরদার, সাং- মথুরা ঝাড়দার পাড়া, ডাকঘর- দত্তনগর-৭৩৪০, উপজেলা- মহেশপুর, জেলা- ঝিনাইদহকে জীবননগর উপজেলা পরিষদে পরিস্কার পরিচ্ছন্ন কর্মী হিসাবে মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা বেতনের ভিত্তিতে ২০-১০-২০২০খ্রিঃ তারিখে নিয়োগ দেওয়া হয়। কিন্তু তাকে নিয়োগ দেওয়ার পর নিয়মিত ভাবে দায়িত্ব পালন করছে না। সে কাজে ঠিকমত আসে না। তাকে বহুবার তাগিদ দেওয়া হয়েছে। সে তা কর্ণপাত করে না। নিজের খুশিমত চলে। তার কাজ সন্তোষজনক নয়। উক্ত পরিস্কার পরিচ্ছন্ন কর্মীর নিয়োগ বাতিল করার বিষয়ে সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য | (খ) পরিষদের সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে জনাব হিরা সরদার, পরিস্কার পরিচ্ছন্ন কর্মীকে ১১-০৩-২০২১খ্রিঃ তারিখ থেকে তার নিয়োগ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং জরুরী ভিত্তিতে নতুন একজন পরিস্কার পরিচ্ছন্ন কর্মী নিয়োগ প্রদানের জন্য সকল সদস্যদের |

| | | | |
|---|---|---|---|
| | একমত পোষণ করেন এবং পরিষদের অভ্যন্তরে পরিস্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনে জরুরী ভিত্তিতে নতুন একজন পরিস্কার পরিচ্ছন্ন কর্মী নিয়োগ প্রদানের বিষয়ে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন। | সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের চুয়াডাঙ্গা ঘ-১১-০০১৭ নং জীপ গাড়ী গত ০৭-০৩-২০২১খ্রীঃ তারিখে মেরামতের মালামাল ক্রয় বাবদ- এসির কমপ্রেসার, কনডেনসার, ডুয়েল কুলিং সেন্টার, রিসিভার ফিল্টার, কুলিংভাল্ব, সেকসন পাইপ, ডিকসার্চ পাইপ ও এসি ভেকুম বাবদ সর্বমোট- ২৪,৯৮৫.০০ (চব্বিশ হাজার নয়শত পঁচাশি) টাকা মাত্র ব্যয় হয়েছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয়কৃত মালামালের টাকা পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (গ) উক্ত জীপ গাড়ীর মালামাল ক্রয় বাবদ সর্বমোট- ২৪,৯৮৫.০০ (চব্বিশ হাজার নয়শত পঁচাশি) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ণ) অনুচ্ছেদ এর "যানবাহন মেরামত" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী বলেন যে, বিদ্যুৎ বিভ্রাটের কারনে অফিসের দাপ্তরিক কাজ ও কম্পিউটার চালানো ব্যাহত হওয়ায় বিকল্প বিদ্যুৎ হিসাবে উপজেলা চেয়ারম্যান কার্যালয়ের জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি এবং উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি ক্রয়ের জন্য গত ১১-০২-২০২১খ্রিঃ তারিখের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় প্রাক্কলন প্রস্তুত করে RFQ পদ্ধতিতে দরপত্র আহবান করার জন্য বলা হয়। সে মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করা হয়। উক্ত ০২ (দুই) সেট আই.পি.এস এর বর্তমান বাজার দর অনুযায়ী ৭৮,৪৫০×২=১,৫৬,৯০০.০০ (এক লক্ষ ছাপান্ন হাজার নয়শত) টাকা মাত্র। | (ঘ) উক্ত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান কার্যালয়ের জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি এবং উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য ০১টি আই.পি.এস ও ০২টি ব্যাটারি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(চ) অনুচ্ছেদ এর "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হইতে পরিষদের সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী তথা 'মুজিববর্ষ' উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে 'পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর' কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। জীবননগর উপজেলা পরিষদের বাউন্ডারীর ভিতরে পানি নিষ্কাশনের ড্রেনসহ বিভিন্ন স্থানে ময়লা আবর্জনা জমে দুর্গন্ধ ছড়াচ্ছে এবং ডেঙ্গু মশার উৎপাত বৃদ্ধি পাচ্ছে। মশা নিধনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা ব্যয় করা যাবে যা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। ডেঙ্গু মশা নিধনের জন্য ফগিং মেশিনের মেডিসিন ক্রয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা উত্তোলনের জন্য অনুমোদনের বিষয়ে সভাকে অবহিত করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ফগিং মেশিনের মেডিসিন ক্রয়ের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঙ) ফগিং মেশিনের মেডিসিন ক্রয়ের জন্য ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ফ) অনুচ্ছেদ এর "মশা নিধন" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | (চ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে যা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। তার আলোকে আগামী ২৬ মার্চ-২০২১খ্রিঃ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা উত্তোলন পূর্বক দিবসটির কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদনের বিষয়ে সভাকে অবহিত করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (চ) আগামী ২৬ মার্চ-২০২১খ্রিঃ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের জন্য ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(খ) অনুচ্ছেদ এর "জাতীয় দিবস উৎযাপন" খাত হইতে উত্তোলন পূর্বক ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি বলেন যে, সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। যে সকল ইউনিয়নে ইটের ভাটা আছে যারা ইউনিয়ন পরিষদে ট্যাক্স দেয় না সে সকল মালিকদের কাছে বিধি মোতাবেক চিঠি প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। ২০২০-২১খ্রিঃ অর্থবছরে এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। বিশ্বব্যপী করোনা ভাইরাস (কোভিড-১৯) যে ভাবে প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাতে করে আমাদের উচিত হবে অবশ্যই মুখে মাস্ক ব্যবহার করা, নিয়মিত সাবান দিয়ে হাত-পা ধৌত করা, সামাজিক দুরুত্ব মেনে চলা। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। গরম পানি খাওয়া। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাওয়া। আর নিজেকে সুরক্ষিত রাখা। সরকারী ঘোষিত নিয়ম কানুন মেনে চলাসহ আতঙ্কিত না হওয়ার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা বাসীর প্রতি আমার অনুরোধ রইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৬/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২০-৩২৮(৫০) তারিখ ঃ ১৬-০৩-২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১০। উপজেলা ................................................ অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১১। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। জনাব ........................................................... জীবননগর, চুয়াডাঙ্গা।

১৬/০৩/২০২১

(এস. এম. মুনিম লিংকন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫০০১
unojibannagar@mopa.gov.bd

# পরিশিষ্ট - খ

জীবননগর উপজেলা পরিষদের ১১-০৩-২০২১খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভায় অনুমোদিত ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দের ৬৫০.০০ কোটি (ছয়শত পঞ্চাশ কোটি) টাকা হতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে কার্যক্রম বাস্তবায়নের জন্য জীবননগর উপজেলা পরিষদের অনুকূলে ৬২,০০০.০০ (বাষট্টি হাজার) টাকা বরাদ্দ প্রদান করেছেন। সেই প্রেক্ষিতে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটি | বরাদ্দ |
|---|---|---|---|
| ০১ | করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামুল্যে বিতরণ। | ০১। মোঃ গোলাম রসুল, সদস্য, মনোহরপুর ইউপি - প্রকল্প সভাপতি<br>০২। মোঃ জাফিরুল ইসলাম, সদস্য, মনোহরপুর ইউপি - সদস্য সচিব<br>০৩। মোঃ তগবির হোসেন, গণ্যমান্য ব্যক্তি - সদস্য<br>০৪। মোঃ তরিকুল ইসলাম, শিক্ষক - সদস্য<br>০৫। মোঃ সেলিম উদ্দিন, সমাজ সেবক - সদস্য<br>০৬। মোছাঃ হাবিবা খাতুন, সমাজ কর্মী - সদস্য<br>০৭। হাফেজ ইনামুল হক, ঈমাম - সদস্য | ৬২,০০০.০০ |

১১/৩/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com